



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২১.৭০২

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮

০৯ নভেম্বর ২০২১

বিষয়: কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) কর্তৃক বাস্তবায়নাধীন মাতারবাড়ী ২৫৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্পে চিমনী ইন্সটলেশনের নিমিত্ত উচ্চতার ছাড়পত্র প্রসঙ্গে।

সূত্র: ক) ৩০.০০.০০০০.০১৪.১০.০০১.১৯.২০৯, তারিখ: ১৮.১০.২০২১খ্রিঃ।

খ) ০৬.০৩.২৬০০.০১৯.০৮.০৩৬.২১.০১৮/৪৮ক, তারিখ: ০৭ নভেম্বর ২০২১খ্রিঃ।

০১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত 'ক' পত্রের বরাতে প্রস্তাবিত স্থানে কক্সবাজার বিমানবন্দর OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) কর্তৃক বাস্তবায়নাধীন মাতারবাড়ী ২৫৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্পে চিমনী ইন্সটলেশনের নিমিত্ত নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	বিদ্যুৎ প্রকল্পে চিমনী/স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	কক্সবাজার বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(ক)	ভৌগলিক স্থানাংক: ২১ডিগ্রী ৪১মিনিট ৫৬.৯১সেকেন্ড উত্তর, ৯১ডিগ্রী ৫৩মিনিট ০৭.৯৯সেকেন্ড পূর্ব, মৌজা-মাতারবাড়ী ও ধলঘাটা, উপজেলা-মহেশখালী, জেলা-কক্সবাজার, বিভাগ: চট্টগ্রাম।	চিমণীর উচ্চতা ৯০২(নয়শত দুই)ফুট ধোয়াসহ উচ্চতা ১৬৬০(এক হাজার ছয়শত ষাট)ফুট

০২। বিদ্যুৎ প্রকল্পে চিমনী নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবেঃ

(ক) চিমণীর নির্গত ধোয়ার Chemical Composition এবং Coal Specification (উপাদান) সকল সময় যাতে Specification অনুযায়ী বজায় রাখা হয় সে বিষয়ে পাওয়ার প্লান্ট কোম্পানি নিশ্চিত করবে।

(খ) সিএএবি অথবা সিএএবি'র মনোনীত প্রতিনিধি বিদ্যুৎ কেন্দ্রের চিমণী হতে নির্গত ধোয়ার মান পত্রে প্রদত্ত Specification অনুযায়ী বজায় রাখা হয় কিনা তা পরিদর্শন করার অধিকার সংরক্ষণে করবে।

(গ) চিমণীর উচ্চতা এবং নির্গত ধোয়ার উচ্চতা পত্রে প্রদত্ত Specification অনুযায়ী অনুমোদিত উচ্চতা অতিক্রম করা যাবে না।

(ঘ) পরিদর্শনের পর প্রয়োজনীয়তা অনুযায়ী CAR-84 (Civil Aviation Rule)-এর ধারা 268এর ক্ষমতা বলে সিএএবি কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড'কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করার অধিকার সংরক্ষণ করবে।

(ঙ) বিদ্যুৎ প্রকল্পে চিমনী/স্থাপনাসহ (নির্গত ধোয়া, খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ) মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(চ) নির্মাণ কাজের জন্য ফ্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(ছ) বিদ্যুৎ প্রকল্পে চিমনী পরিবেশের ক্ষতি না হয় তা কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড নিশ্চিত করবে।

(জ) কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড বর্ণিত প্রকল্প চলাকালীন সময়ে প্রতি ২(দুই) মাস অন্তর অন্তর বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'কে অবহিত করবে।

(ঝ) উক্ত প্রকল্প সম্পূর্ণভাবে চালু হওয়ার পর কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'কে অবশ্যই অবহিত করবে।

(ঞ) বিদ্যুৎ প্রকল্পে চিমনী'কে সমান সাতভাগ করতঃ নীচু হতে পর্যায়ক্রমে লাল/সাদা রং করতে হবে, চিমনী'র চুড়ায় লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

(ট) কক্সবাজার বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশন ১২ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।

(ঠ) বিদ্যুৎ প্রকল্পে চিমনী Electrostatic Precipitator and Flue Gas Desulfurization (FGD) System স্থাপন করতে হবে।

০৩। নকশা অনুমোদনকারী সংস্থা কর্তৃক প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে বিদ্যুৎ প্রকল্পে চিমনী/স্থাপনা নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৪। অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত থাকবে।

৯-১১-২০২১

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান

চেয়ারম্যান

ফোন: +৮৮-০২-৮৯০১৪০০

ফ্যাক্স: +৮৮-০২-৮৯০১৪১১

ইমেইল: chairman@caab.gov.bd

সচিব

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২১.৭০২/১(৪)

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮

০৯ নভেম্বর ২০২১

সদয় অবগতি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১) ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড

২) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩) উপসচিব, উন্নয়ন অধিশাখা -৫, বিদ্যুৎ বিভাগ

৪) পরিচালক(এটিএস), অপারেশন ব্রাঞ্চ, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৯-১১-২০২১

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান

চেয়ারম্যান